

‘আমাকে রোল মডেল মানেন আনিসুল হক’

বাংলা ট্রিবিউন রিপোর্ট

২০ ডিসেম্বর ২০১৬, ১৩:৫৮

বিজ্ঞাপন



ওবায়দুল কাদের ও আনিসুল হক

বিজ্ঞাপন

বিজ্ঞাপন

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, তাকে রোল মডেল মানেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। মঙ্গলবার সচিবালয়ের যোগাযোগ মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন।

বুদ্ধিজীবী দিবসে উত্তরের মেয়র আনিসুল হকের সঙ্গে কথা কাটাকাটি বিষয়ে সাংবাদিকরা জানতে চাইলে মন্ত্রী বলেন, ‘এ ধরনের অভিযোগ অসত্য। নগরায়ণ ও সৌন্দর্য্য বর্ধনের জন্য গাছ কাটা নিয়ে তার সঙ্গে আমার কোনও কথা কাটাকাটি হয়নি। বুদ্ধিজীবী দিবসের মতো একটি পবিত্র দিনে আমি এবং আনিসুল হক কথা কাটাকাটি করবো আমরা কি সেই মানসিকতার লোক?’

ওবায়দুল কাদের আরও বলেন, ‘আনিসুল হকের সঙ্গে আমার পারিবারিক সম্পর্ক অত্যন্ত মধুর। আজ সকালেও আমি তার বাসা থেকে সচিবালয়ের এসেছি। আমি গিয়েছিলাম তার বাবাকে সালাম করতে, উনি অসুস্থ। আনিসুল হক আমাকে তার রোল মডেল মানেন। একটা মানুষকে কতটা সম্মান করলে এটি বলা যায়। উনি আমাকে ওই পরিমাণই সম্মান করেন। আনিসুল হক একজন আধুনিক মানুষ। কারও সঙ্গেই আমাদের কোনও সমস্যা নেই। সমস্যা থাকলে সেগুলো বসে আলোচনা করে ঠিক করা যাবে।’

/এসআই/এসটি/

বিজ্ঞাপন

*** বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।

© 2021 Bangla Tribune

